



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



১৪৪৫২

নং- বামাশিবো/প্রশা/রংপুর-৫৩/৭৫৫৫

তারিখঃ ৬/০৯/২০১৭খ্রিঃ

বিষয়ঃ জনাব মোঃ আঃ মোতালেব এর সুপার হিসেবে দায়িত্ব পালন প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশা/রংপুর-৫৩/৩৯২/৩; তারিখঃ ১৬/০৪/২০১৭খ্রিঃ  
২) নং- বামাশিবো/প্রশা/রংপুর-৫৩/১৩৯/৫; তারিখঃ ০৮/০২/২০১৭খ্রিঃ  
৩) নং- বামাশিবো/প্রশা/রংপুর-৫৩/৭০৪/৫; তারিখঃ ০৮/০২/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন ঝোরার ঘাট শাহ ছালেক দাখিল মাদ্রাসার জনাব মোঃ ইয়াহিয়া সরকার ভারপ্রাপ্ত সুপার দাবী করে এবং জনাব মোঃ আবদুল মোতালিব সুপার দাবী করে পরস্পর বিরোধী অভিযোগ করে এডহক কমিটির গঠনের অনুমতি চেয়ে পৃথক পৃথক আবেদনপত্র বোর্ডে দাখিল করেন।

সুপার পদ নিয়ে দ্বন্দ্বিক অবস্থা নিরসনের জন্য ও আমলযোগ্য আবেদন নির্ধারণের লক্ষ্যে জনাব মোঃ ইয়াহিয়া সরকার ও জনাব মোঃ আবদুল মোতালিবকে স্ব-স্ব দাবীর পক্ষে সুস্পষ্ট ব্যাখ্যাসহ সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত আরকদ্বয়ে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উভয়পক্ষ বিভিন্ন সুনির্দিষ্ট অভিযোগ/তথ্য উল্লেখ করে পরস্পর সাংঘর্ষিক জবাব দাখিল করেন।

বিষয়টির সৃষ্টিভাবে যথাযথ আইনগত নিষ্পত্তির স্বার্থে প্রয়োজনীয় তথ্য/প্রমানাদিসহ মুখোমুখি শুনানীর জন্য ১৭/০৮/২০১৭খ্রিঃ তারিখ উভয়পক্ষকে দপ্তরে উপস্থিত থাকার জন্য সূত্রে উল্লিখিত ৩নং আরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উভয় পক্ষকে গত ১৭/০৮/২০১৭খ্রিঃ তারিখে উপস্থিত হয়ে তাদের নিজ নিজ দাবীর পক্ষে বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করেছেন।

নথি ও পক্ষদ্বয়ের দাখিলী কাগজপত্র এবং উপস্থিত বক্তব্য মোতাবেক জনাব মোঃ আঃ মোতালেব সুপার হিসেবে যথাযথ প্রক্রিয়ায় নিয়োগ প্রাপ্ত হয়ে মাদ্রাসায় যোগদান করে অদ্যাবধি দায়িত্বরত থাকায় ভারপ্রাপ্ত সুপার হিসেবে জনাব মোঃ ইয়াহিয়া সরকার এর দায়িত্ব পালনের আইনগত কোন সুযোগ নাই এবং সুপার হিসেবে জনাব মোঃ আঃ মোতালেব দায়িত্ব পালন অব্যাহত রাখবে মর্মে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানিয়ে দেওয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মুঃ

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) জনাব মোঃ আবদুল মোতালিব, সুপার দাবীদার  
ঝোরার ঘাট শাহ ছালেক দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর।

২) জনাব মোঃ ইয়াহিয়া সরকার, ভারপ্রাপ্ত সুপার দাবীদার  
ঝোরার ঘাট শাহ ছালেক দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর।

নং- বামাশিবো/প্রশা/রংপুর-৫৩/৭৫৫৫

তারিখঃ ৬/০৯/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা